গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৪.১৯-৪২০

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ মে, ২০২১ খ্রিষ্টাব্দ।

**প্রজ্ঞাপন**

যেহেতু, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন পাইলগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হাজী মো: মখলুছ মিয়া ও একই ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আলেক উদ্দিন, সরকারি আদেশ অমান্য করে যাচাই-বাছাই ছাড়া ফিলিপাইনের নাগরিক জনাব বিজলিন পালর আছিয়াকে জন্ম নিবন্ধন ও নাগরিকত্ব সনদ প্রদানের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যান ও সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন পাইলগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হাজী মো: মখলুছ মিয়া ও একই ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আলেক উদ্দিন, সরকারি আদেশ অমান্য করে যাচাই-বাছাই ছাড়া ফিলিপাইনের নাগরিক জনাব বিজলিন পালর আছিয়াকে জন্ম নিবন্ধন ও নাগরিকত্ব সনদ প্রদানের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁদের দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন পাইলগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হাজী মো: মখলুছ মিয়া ও একই ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আলেক উদ্দিন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যান ও সদস্যকে তাঁদের স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৭/৫/২০২১
(মো: আবুজাফর রিপন)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৪.১৯-৪২০

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ মে, ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনাব হাজী মো: মখলুছ মিয়া, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), পাইলগাঁও ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫। জনাব মো: আলেক উদ্দিন, ইউপি সদস্য, ০৮নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), পাইলগাঁও ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

১৭/৫/২০২১
(মো: আবুজাফর রিপন )
উপসচিব

D:\Share\UP\sohag\letter-5\98

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৪.১৯-৪২১

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৭ মে, ২০২১

**বিষয়: কারণ দর্শানো নোটিশ**

উপর্যুক্ত বিষয়ে আপনারা সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার পাইলগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হাজী মো: মখলুছ মিয়া ও একই ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আলেক উদ্দিন এর বিরুদ্ধে সরকারি আদেশ অমান্য করে যাচাই-বাছাই ছাড়া ফিলিপাইনের নাগরিক জনাব বিজলিন পালর আছিয়াকে জন্ম নিবন্ধন ও নাগরিকত্ব সনদ প্রদানের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ মে, ২০২১ তারিখের ৪২০ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাদেরকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাদেরকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনাদের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তাদের জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন )
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

(১) জনাব হাজী মো: মখলুছ মিয়া, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) পাইলগাঁও ইউনিয়ন পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
(২) জনাব মো: আলেক উদ্দিন, ইউপি সদস্য, ০৮নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত) পাইলগাঁও ইউনিয়ন পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যান ও সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁদের জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
২। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। অফিস কপি।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০-৪২২

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ। / ১৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

**প্রজ্ঞাপন**

যেহেতু, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার দিরাই-সরমঙ্গাল ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব শহিদুল ইসলাম (স্বাধীন), শাল্লা উপজেলাধীন ০২নং হাবিবপুর ইউনিয়নের অন্তর্গত নোয়াগাঁও গ্রামে সংখ্যালঘুদের বাড়িঘর ভাংচুর ও লুটপাটের ঘাটনার সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার দিরাই-সরমঙ্গাল ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব শহিদুল ইসলাম (স্বাধীন), শাল্লা উপজেলাধীন ০২নং হাবিবপুর ইউনিয়নের অন্তর্গত নোয়াগাঁও গ্রামে সংখ্যালঘুদের বাড়িঘর ভাংচুর ও লুটপাটের ঘাটনার সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার দিরাই-সরমঙ্গাল ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব শহিদুল ইসলাম (স্বাধীন) কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০-৪২২

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ। / ১৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনাব শহিদুল ইসলাম (স্বাধীন), ইউপি সদস্য, ০৯নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), দিরাই-সরমঙ্গাল ইউনিয়ন পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০-৪২৩

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮
১৭ মে ২০২১

**বিষয়: কারণ দর্শানো নোটিশ**

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব শহিদুল ইসলাম (স্বাধীন), ইউপি সদস্য, ০৯নং ওয়ার্ড, দিরাই-সরমঙ্গল ইউনিয়ন পরিষদ, দিরাই, সুনামগঞ্জ কে শাল্লা উপজেলাধীন ০২নং হাবিবপুর ইউনিয়নের অন্তর্গত নোয়াগাঁও গ্রামে সংখ্যালঘুদের বাড়িঘর ভাংচুর ও লুটপাটের ঘাটনার সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ মে, ২০২১ তারিখের ৪২২ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন )
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জনাব শহিদুল ইসলাম (স্বাধীন) (সাময়িক বরখাস্তকৃত)
ইউপি সদস্য, ০৯নং ওয়ার্ড
দিরাই-সরমঙ্গল ইউনিয়ন পরিষদ
দিরাই, সুনামগঞ্জ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
২। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। অফিস কপি।